# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 20.03.24 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর-

১) লোকসভা নির্বাচনের প্রথম দফার ভোটগ্রহণের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে।

নির্বাচন কমিশন এরাজ্যের ৬-টি লোকসভা আসনকে আর্থিকভাবে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করে সেগুলিতে নজরদারি বৃদ্ধির নির্দেশ দিয়েছে।

২) লোকসভা নির্বাচনের আগে কোচবিহারের দিনহাটা উত্তপ্ত। রিপোর্ট তলব রাজ্যেপালের।

৩) তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সাংসদ মহুয়া মৈত্রের বিরুদ্ধে টাকার বিনিময়ে প্রশ্নের অভিযোগে সি বি আই তদন্তের নির্দেশ দিয়েছে লোকপাল।

৪) গার্ডেনরিচে বেআইনিভাবে নির্মীয়মাণ বহুতল ভেঙ্গে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১০। গ্রেফতার জমির মালিক।

৫) ২০২৩-এর রামনবমীর শোভাযাত্রা চলাকালীন সাম্প্রদায়িক হিংসার ঘটনায় এন আই এ আরও ১১ জনকে গ্রেফতার করেছে।

৬) ঘূর্ণাবর্ত ও নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে কলকাতা সহ রাজ্যের প্রায় সর্বত্রই বৃষ্টি হচ্ছে।

oooooooooooooooooooooo

লোকসভা নির্বাচনের  প্রথম দফার ভোটগ্রহণের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে। সেই সঙ্গে শুরু হবে মনোনয়নপত্র দাখিলের কাজ। এই পর্বে পশ্চিমবঙ্গের কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি - এই তিনটি সহ ১০২-টি লোকসভা আসনে আগামী উনিশে এপ্রিল ভোট নেওয়া হবে।

এই জন্যে প্রার্থী পদ দাখিল করা যাবে ২৭ শে মার্চ পর্যন্ত। ২৮-শে মার্চ জমা পড়া মনোনয়নগুলি পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন ৩০তিরিশে মার্চ। ভোট গননা চৌঠা জুন ।

এদিকে, বিজ্ঞপ্তি জারির আগে তিনটি আসনের জন্য ব্যয় পর্যবেক্ষক সঞ্জয় কুমার, মদন মোহন মিনা এবং শালমকে দুর্গে যাদব গতকাল শিলিগুড়ি পৌঁছেছেন।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গের ৪২টি লোকসভা আসনের মধ্যে ৬টি কে ‘আর্থিকভাবে স্পর্শকাতর’ হিসাবে চিহ্নিত করে কেন্দ্রগুলিতে নজরদারি বৃদ্ধির নির্দেশ দিয়েছে। এই ৬’টি কেন্দ্র হলো- মালদা উত্তর ও দক্ষিন, দার্জিলিং,  আসানসোল, বনগাঁ ও কলকাতা উত্তর। এইসব আসনে আয় ব্যায় কি হচ্ছে তার উপরে বাড়তি নজরদারির জন্যে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের ২২-টি সংস্থাকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গেছে ।

গত নির্বাচনে এই কেন্দ্রগুলি থেকে প্রচুর নগদ টাকা ও মদ বাজেয়াপ্ত হওয়ার কারণেই বাড়তি নজরদারির এই নির্দেশ ।

প্রথম দফা লোকসভা ভোটের বিজ্ঞপ্তি জারি হচ্ছে আগামীকাল।

এই দফায় ১৯শে এপ্রিল ভোট নেওয়া হবে কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি আসনে।

বিজ্ঞপ্তি জারির আগেই তিনটি আসনের জন্য পর্যবেক্ষক সঞ্জয় কুমার, মদনমোহন মীনা এবং শালম কে দুর্গেশ যাদব আজ শিলিগুড়ি এসে পৌঁছেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এরাজ্যে ভোটে মোতায়েন হওয়া কেন্দ্রীয় বাহিনী ও অন্যান্য রাজ্যের পুলিশ বাহিনীর জওয়ানরাও এবার রাজ্য সরকারি স্বাস্থ্য বীমা প্রকল্পের আওতায় বিনামূল্যে চিকিৎসার সুযোগ পাবেন। ভিন রাজ্য থেকে ভোটে শান্তি শৃঙ্খলা রক্ষায় আসা জওয়ানরা যাতে এই সুযোগ পান তা নিশ্চিত করতে রাজ্যের স্বরাষ্ট্র দফতর নির্দেশিকা জারি করেছে। সমস্ত জেলার পুলিশ সুপার ও কমিশনারদের  উদ্দ্যেশ্যে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে ভোটের ডিউটিতে এসে কোনো জওয়ান অসুস্থ হয়ে পড়লে বা আহত হলে নিকটবর্তী সরকারি হাসপাতালে তাদের যথোপযুক্ত চিকিৎসার ব্যবস্থা রাখতে হবে। এর পাশাপশি রাজ্য সরকারের স্বাস্থ্য বীমা প্রকল্পের অধীনে থাকা বেসরকারি হাসপাতালে ওই জওয়ানরা ক্যাশলেস চিকিৎসার সুযোগ পাবেন। তাঁদের চিকিৎসা সংক্রান্ত এই খরচ রাজ্য সরকারই বহন করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন মিডিয়া কর্মীদেরও পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের অনুমতি দিয়েছে। এই মর্মে কমিশনের পক্ষ থেকে গতকাল এক নির্দেশিকা জারি করা হয়। এতোদিন শুধুমাত্র অত্যাবশ্যক কাজের সঙ্গে যুক্ত ব্যক্তিরাই পোস্টাল ব্যালটের মাধ্যমে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারতেন। এখন মিডিয়া কর্মীরাও সেই সুযোগ পাবেন। এজন্য কমিশন একজন নোডাল অফিসারকেও নিয়োগ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের আগে কোচবিহারের দিনহাটায় আবারও উত্তেজনা দেখা দিয়েছে। কোচবিহার লোকসভা কেন্দ্রের প্রার্থী নিশীথ প্রামাণিক প্রচার সেরে গতকাল

বাড়ি ফেরার পথে তার কনভয় লক্ষ্য করে তৃণমূল কংগ্রেস কর্মীরা হামলা চালায় বলে অভিযোগ ।

অন্যদিকে, কেন্দ্রীয় মন্ত্রীর কনভয় থেকে তৃণমূল কংগ্রেস কর্মীদের ওপরেও হামলা চালানোর পাল্টা অভিযোগ উঠেছে। এই ঘটনায় একজন তৃণমূল কংগ্রেস কর্মী আহত হয়েছেন, মাথা ফেটেছে দিনহাটার এস ডি পি ও-র।

বিজেপি-র জেলা সভাপতি কোচবিহার উত্তর কেন্দ্রের বিধায়ক সুকুমার রায় অভিযোগ করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিশীথ প্রামানিক গতকাল প্রচার সেরে ভেটাগুরিতে ফেরার পথে উদয়ন গুহর নেতৃত্বে তার কনভয়ে হামলা চালানো হয়।

উদয়নবাবু অবশ্য অভিযোগ অস্বীকার করেছেন। এই ঘটনার প্রেক্ষিতে জেলা পুলিশ সুপার ধৃতিমান ভট্টাচার্য, কোচবিহারের জেলাশাসক অরবিন্দমীনা প্রমুখ ঘটনাস্থলে যান। উদয়ন গুহ ও কোচবিহার লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী জগদীশ বাসুনিয়াও রাতেই থানায় গিয়ে অভিযোগ দায়ের করেন।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস এই ঘটনায় রাজ্য পুলিশের ডিজি-র কাছে রিপোর্ট তলব করেছেন।

তৃণমূল কংগ্রেস ঘটনার প্রতিবাদে আজ দিনহাটা বনধেরও ডাক দিয়েছে।

oooooooooooooooooooooo

সংঘ লোকসভা আয়োগ ইউ পি এস সি ২০২৪-এর সিভিল সার্ভিস প্রিলিমিনারী পরীক্ষার দিন পিছিয়ে দিয়েছে। ২৬-মে এই পরীক্ষা হওয়ার কথা ছিল। তা নেওয়া হবে ১৬-ই জুন। লোকসভা নির্বাচনের প্রেক্ষিতেই পরীক্ষার সূচীর এই পরিবর্তন।

ooooooooooooooooooooooo

রাজ্য পাবলিক সার্ভিস কমিশনে সব শূন্য পদে দ্রুত নিয়োগের জন্য কলকাতা হাইকোর্ট রাজ্য সরকারকে নির্দেশ দিয়েছে। PSC-র মাধ্যমে সরকারি চাকরিতে নিয়োগ আটকে থাকার অভিযোগে কলকাতা হাইকোর্টে মামলা হয়েছিল। সেই মামলার শুনানিতে গতকাল প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের

ডিভিশন বেঞ্চ, PSC-তে দ্রুত ও স্বচ্ছভাবে শূন্য পদে নিয়োগ শুরু করতে বলেন। দীর্ঘ দিন ধরে নিয়োগ আটকে রয়েছে। অপেক্ষায় রয়েছেন বহু প্রার্থী। মামলাকারীর অভিযোগ, PSC-র একাধিক পদে লোক না থাকায় বিভিন্ন চাকরির পরীক্ষার ইন্টারভিউ আটকে আছে। সম্প্রতি আদালতের নির্দেশে PSC-র চেয়ারম্যান পদে অবসরপ্রাপ্ত IAS মহুয়া বন্দ্যোপাধ্যায়কে নিয়োগ করেছে রাজ্য সরকার।

oooooooooooooooooooooo

দাড়িভিট কাণ্ডে কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজশেখর মান্থার নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের দ্বারস্থ হয়েছে রাজ্য সরকার।

উত্তর দিনাজপুরের ইসলামপুরে দাড়িভিট হাইস্কুলে শিক্ষক নিয়োগের দাবিতে আন্দোলন চলাকালীন গুলিবিদ্ধ হয়ে দুই প্রাক্তন ছাত্রের মৃত্যুর ঘটনায় আদালত অবমাননার অভিযোগে রাজ্যের মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব এবং এডিজি সিআইডির বিরুদ্ধে রুল জারি করেছিলেন বিচারপতি মান্থা। সেই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য সরকার আজ প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে মামলা করেছে।

উল্লেখ্য, আগেই ওই ঘটনায় এন-আই-এ তদন্তের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি মান্থা। তারপর প্রায় দশ মাস কেটে গেলেও কেন তদন্তের নথি এনআইএ-কে দেওয়া হলো না, তা জানতে চেয়ে রাজ্যের তিন প্রশাসনিক ও পুলিশ কর্তাকে আগামী ৫ ই এপ্রিল আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছিলেন বিচারপতি।

oooooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের প্রাক্তন সাংসদ মহুয়া মৈত্রের বিরুদ্ধে টাকার বিনিময়ে প্রশ্নের অভিযোগে সি বি আই তদন্তের নির্দেশ দিয়েছে লোকপাল। লোকপালের ওই নির্দেশিকায় বলা হয়েছে, মহুয়ার বিরুদ্ধে এই অভিযোগের প্রাথমিক তদন্তে যথেষ্ট তথ্য

প্রমাণ মিলেছে। সেগুলি আরও খুঁটিয়ে তদন্ত করে দেখা দরকার। সেকারণেই কেন্দ্রীয় তদন্ত ব্যুরো সি বি আই-কে ৬ মাসের মধ্যে মহুয়ার বিরুদ্ধে ওঠা অভিযোগের সমস্ত দিক বিশদে খতিয়ে দেখার নির্দেশ দেওয়া হয়েছে। তদন্তের গতি প্রকৃতি নিয়ে প্রত্যেক মাসে রিপোর্টও দিতে বলা হয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থাকে।

লোকপালের নির্দেশিকায় আরও বলা হয়েছে, যাবতীয় তথ্য প্রমাণ বিচার বিবেচনা করে দেখা যাচ্ছে, মহুয়ার বিরুদ্ধে আনা অভিযোগ বেশিরভাগই সত্যিই এবং অত্যন্ত গুরুতর। বিশেষ করে তার পদের নিরিখে। একজন জনপ্রতিনিধি হিসেবে মহুয়া মৈত্র এই ধরনের দুর্নীতিমূলক কাজে লিপ্ত হতে পারেন না। জনগণের সামনে স্বচ্ছ ভাবমূর্তি বজায় রাখা সর্বক্ষেত্রেই জরুরী। কোন জন প্রতিনিধির এধরনের দুর্নীতি মূলক আচরণ আইনসভার কাজকর্মে যেমন ব্যাঘাত ঘটায়, তেমনি গণতান্ত্রিক দেশে সামাজিক ও অর্থনৈতিক কর্মকান্ডের গতিপ্রকৃতির ওপরেও প্রভাব ফেলতে পারে বলে দুর্নীতি নিরোধক লোকপাল মন্তব্য করেছে।

উল্লেখ্য, বিজেপি-র লোকসভার সদস্য নিশিকান্ত দুবে অভিযোগ করেন, মহুয়া দুবাই-এর ব্যবসায়ী দর্শন হীরা নন্দানীর কাছ থেকে নগদ অর্থ ও উপহারের বিনিময়ে লোকসভায় প্রশ্ন করেন। এই অভিযোগের প্রেক্ষিতে এথিক্স কমিটির সুপারিশ ক্রমে গত ডিসেম্বরে মহুয়াকে লোকসভা থেকে বহিষ্কারও করা হয়।

oooooooooooooooooooooo

গার্ডেনরিচে বেআইনিভাবে নির্মীয়মাণ বহুতল ভেঙ্গে পড়ার ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১০। উদ্ধার কাজ শুরু হবার প্রায় ৪৩ ঘন্টা পর গতরাতে ধংসস্তুপের নীচ থেকে মহম্মদ জামিল নামে একজনকে বের করে হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত ঘোষণা করা হয়। এখনো কংক্রিটের স্তুপের নীচে **একজন** চাপা পড়ে আছেন বলে মনে করা। তাকে উদ্ধারের চেষ্টা চালানো হচ্ছে।

এদিকে, ওই বাড়িটি যে জমিতে তৈরি করা হচ্ছিল, তার মালিক মহম্মদ সরফরাজ ওরফে পাপ্পুকে পুলিশ গ্রেপ্তার করেছে ।

এই ঘটনায় এর আগে ধৃত প্রমোটার মহম্মদ ওয়াসিমকে গতকাল ব্যাঙ্কশাল আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়।

এদিকে, ঘটনার CBI তদন্ত চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিজেপি নেতা রাকেশ সিং। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ, গতকাল এই বিষয়ে জনস্বার্থ মামলা দায়েরের অনুমতি দেন। তবে, দ্রুত শুনানির আর্জিতে সাড়া দেননি তাঁরা। আগামীকাল এই শুনানি হতে পারে।

অন্যদিকে, নির্মীয়মাণ বাড়ি ভেঙ্গে পড়ার ঘটনায়, কলকাতা পুরসভা ও স্থানীয় কাউন্সিলরের বিরুদ্ধে চরম গাফিলতির অভিযোগ করেছেন বিরোধীরা। যদিও কাউন্সিলরের গাফিলতি মানতে চাননি পুরসভার মেয়র তথা পুর ও নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। তাঁর কথায়, বেআইনি নির্মাণের উপর নজর রাখা পুরসভার বিল্ডিং বিভাগের দায়িত্ব। গার্ডেনরিচের ঘটনার জন্য ১৫ নং বরো, এবং ১৩৪ নং ওয়ার্ডের অ্যাসিস্টেণ্ট ইঞ্জিনিয়ার ও সাব অ্যাসিস্টেণ্ট ইঞ্জিনিয়ারকে শো-কজ করেছে বিল্ডিং বিভাগ। ৪৮ ঘণ্টার মধ্যে তাঁদের জবাব দিতে বলা হয়েছে।

oooooooooooooooooo

পশ্চিমবঙ্গে ২০২৩ এর মার্চে রামনবমীর শোভাযাত্রা চলাকালীন সাম্প্রদায়িক হিংসার ঘটনায় এনআইএ আরো ১১ জনকে গ্রেপ্তার করেছে। ধৃতরা সবাই হাওড়ার শিবপুরের বাসিন্দা, হিংসার চক্রান্তে এরা জড়িত ছিল বলে অভিযোগ। শুরুতে রাজ্য পুলিশ ৩৬ জনের বিরুদ্ধে মামলা রুজু করে। এরপর কলকাতা হাইকোর্ট, এসংক্রান্ত সমস্ত মামলা এনআইয়ের হাতে তুলে দেওয়ার নির্দেশ দেয় গত বছর এপ্রিলে।

oooooooooooooooooooo

নদীয়ার চাকদা থানার দুর্গানগরে হানা দিয়ে পুলিশ একটি বাড়ি থেকে বোমা তৈরির সরঞ্জাম একটি আগ্নেয়াস্ত্র ও দুটি বোমা উদ্ধার করেছে। এর সঙ্গে জড়িত থাকায় তারক মন্ডল নামে একজনকে গ্রেফতার করেছে পুলিশ। তার বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।

oooooooooooooooooo

উত্তর প্রদেশের উত্তর-পশ্চিমাংশ ও সংলগ্ন এলাকায় সৃষ্ট ঘূর্ণাবর্ত এবং ঝাড়খন্ড থেকে দক্ষিণ আসাম পর্যন্ত বিস্তৃত অক্ষরেখার প্রভাবে বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বায়ুমন্ডলে প্রবেশ করায়, কলকাতা সহ রাজ্যের প্রায় সর্বত্রই বৃষ্টি হচ্ছে।

কলকাতা ছাড়াও দুই ২৪ পরগনা, হাওড়া, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া সহ বিভিন্ন জেলায় রাতভর বৃষ্টিতে তাপমাত্রা বেশকিছুটা নেমে গেছে। কলকাতায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৮ দশমিক ৯ ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের তুলনায় যা ৫ ডিগ্রী নীচে। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের তুলনায় ৪ ডিগ্রী কম । গত ২৪ ঘণ্টায় বৃষ্টি হয়েছে ১১ দশমিক ৯ মিলিমিটার।

আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আজ এবং আগামীকালও দক্ষিণবঙ্গের সব জেলাতেই বৃষ্টির সম্ভাবনা।

দুই মেদিনীপুর, মুর্শিদাবাদ, বীরভূম ও পশ্চিম বর্ধমানে শিলা বৃষ্টিও হতে পারে।

উত্তরবঙ্গের সব জেলাতেও আজ ও আগামীকাল বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ারও পূর্বাভাষ রয়েছে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo

ooooooooooooooooooooo

ooooooooooooooooooooo